যুগান্তর

তারিখ : 14 NOV 2015
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬

# ফেসবুকে সরকারবিরোধী স্ট্যাটাস : ঢাবির পাঁচ শিক্ষার্থী আটক

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ফেসবুকে সরকার ও প্রধানমন্ত্রীর বিরুদ্ধে স্ট্যাটাস দেয়ার অভিযোগে পাঁচ ছাত্রকে আটক করা হয়েছে। বৃহস্পতিবার রাত দেড়টার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজয় একাত্তর হল থেকে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলেন— স্বাস্থ্য অর্থনীতি বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র ইমরান, বাংলা বিভাগের প্রথম বর্ষের ছাত্র ফিরোজ, ইসলামিক স্টাডিজ বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র আবদুর রহমান, শিক্ষা ও গবেষণা ইন্সটিটিউটের প্রথম বর্ষের ছাত্র গোলাম মোস্তফা এবং তৃতীয় বর্ষের ছাত্র হানিফ।

এ বিষয়ে শুক্রবার রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রক্টর অধ্যাপক ড. এম আমজাদ আলী যুগান্তরকে জানান, শিবির স্টাইলে সরকার ও প্রধানমন্ত্রীর বিরুদ্ধে স্ট্যাটাস দেয়ায় ওই পাঁচজনকে বৃহস্পতিবার রাতে আটক করে পুলিশে দেয়া হয়েছে। বর্তমানে শাহবাগ থানায় তাদের জিজ্ঞাসাবাদ চলছে। তাদের কোর্টে তোলা হতে পারে। অভিযোগ প্রমাণ হলে ৫৪ ধারায় গ্রেফতার দেখানো হবে।

প্রক্টর বলেন, হল থেকে পাওয়া তথ্য মতে, সাত শিক্ষার্থীকে ধরতে প্রক্টরিয়াল টিম বিজয় একাত্তর হলে যায়। এ সময় পাঁচজনকে পাওয়া গেলেও বাকি দু'জনকে পাওয়া যায়নি। তাদের সম্পর্কে বিস্তারিত জানার চেষ্টা চলছে।